গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি প্রফুল্ল চন্দ্র (পি.সি.) কলেজ, বাগেরহাট
EIIN: 114830, Website :https://pc.college.gov.bd, Email: pccollege1918@gmail.com, pccollegepr@yahoo.com, College Phone : 02477752920

স্মারক নং: ১৬৬

তারিখ : ০৪/১১/২০২৬ খ্রি.

নোটিশ

এতদ্বারা সরকারি প্রফুল্ল চন্দ্র (পি.সি.) কলেজের সর্বস্তরের শিক্ষার্থীবৃন্দ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, একাডেমিক নিয়মানুবর্তিতা রক্ষা ও আসন্ন পরীক্ষাগুলোতে কাঙ্ক্ষিত ফলাফল অর্জনের প্রধান শর্ত হলো নিয়মিত ক্লাসে উপস্থিতি এবং কঠোর শৃঙ্খলা বজায় রাখা।

ইদানিং গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু শিক্ষার্থী ক্লাসে নিয়মিত উপস্থিত হচ্ছে না। ক্লাসে অনুপস্থিতির কারণে পাঠ্যক্রমের ধারাবাহিকতা ব্যাহত হয়, যা চূড়ান্ত ও অভ্যন্তরীণ পরীক্ষাগুলোর ফলাফলে সরাসরি নেতিবাচক প্রভাব ফেলে।

তাই শিক্ষার্থীদের উজ্জ্বল ভবিষ্যৎ নিশ্চিতকরণ, ভালো ফলাফল অর্জন এবং কলেজের সার্বিক শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ কঠোরভাবে বাস্তবায়নের নোটিশ প্রদান করা হলো:

বাধ্যতামূলক উপস্থিতি : প্রত্যেক শিক্ষার্থীকে প্রতিটি বিষয়ের ক্লাসে যথাসময়ে উপস্থিত থাকতে হবে।

পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা : নির্বাচনী ও চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য বোর্ড এবং বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী ক্লাসে নির্ধারিত শতাংশ (Percentage) উপস্থিতি থাকা বাধ্যতামূলক। অন্যথায় পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হবে না।

জিরো টলারেন্স নীতি : ক্লাসে বিনা অনুমতিতে অনুপস্থিতি, পরীক্ষায় অমনোযোগিতা এবং শৃঙ্খলাভঙ্গের যেকোনো ঘটনার ক্ষেত্রে কলেজ প্রশাসন "জিরো টলারেন্স" (Zero Tolerance) নীতি গ্রহণ করবে।

অভিভাবক অবহিতকরণ : কোনো শিক্ষার্থী যৌক্তিক কারণ ছাড়া টানা ক্লাসে অনুপস্থিত থাকলে বা অভ্যন্তরীণ পরীক্ষায় অকৃতকার্য হলে বিষয়টি সরাসরি তার অভিভাবককে জানানো হবে এবং আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

শিক্ষার সুষ্ঠু পরিবেশ রক্ষা, পরীক্ষায় শতভাগ পাসের হার নিশ্চিত করা এবং কলেজের গৌরবময় সুনাম অক্ষুণ্ন রাখতে আমরা শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

০৪/১১/২০২৬

(প্রফেসর মিসেস পারভীন আক্তার)
আইডি নং : ১৭২১
অধ্যক্ষ
সরকারি প্রফুল্ল চন্দ্র (পি.সি.) কলেজ, বাগেরহাট

০৪/১১/২৬
প্রফেসর মিসেস পারভীন আক্তার
অধ্যক্ষ
আইডি নং-১৭২১
সরকারি প্রফুল্ল চন্দ্র (পি.সি.) কলেজ, বাগেরহাট

E:\Rehena\new machin\Present work\New notice-2017